

Ex/BANGLA/PG/4.55A/2019

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

রবীন্দ্রনাথ : বিবিধ

কোর্স : পি.জি. : ৪.৫৫এ

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. যে কোনও একটি পত্রিকার উদাহরণকে সামনে রেখে পত্রিকা-সম্পাদক হিসেবে রবীন্দ্রনাথের ভূমিকার মূল্যায়ন করো।
১০
অথবা
২. 'আধুনিক কবিতা' বিষয়ে রবীন্দ্রনাথের দ্বিধা যেভাবে একটি বিশেষ কবিতা-সংকলন গ্রন্থ সম্পাদনা করার সময় ধরা পড়ে, উদাহরণসহ তা বিশ্লেষণ করে দেখাও।
১০
৩. ইংরেজি 'গীতাঞ্জলি'-র পাণ্ডুলিপি পাঠ ও গ্রন্থপ্রকাশের পর পাশ্চাত্যে কী ধরনের প্রতিক্রিয়া হয়েছিল সে বিষয়ে সংক্ষেপে জানাও। সেইসঙ্গে 'গীতাঞ্জলি'-র ইংরেজি অনুবাদ বিষয়ে তোমার নিজস্ব মূল্যায়ন কী, তা বুঝিয়ে লেখো।
১০
অথবা
৪. ইংরেজি 'গীতাঞ্জলি' প্রকাশের পরে রবীন্দ্রনাথের স্বকৃত অনুবাদগুলির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। এই অনুবাদসমূহের বৈশিষ্ট্য সম্পর্কে তোমার মতামত দাও।
১০

(Turn over)

(2)

৫. 'বিসর্জন' নাটকের প্রচলিত যে পাঠ, তা আসলে অনেক রূপান্তরের ফসল। মন্তব্যটি মনে রেখে 'বিসর্জন' নাটকের রূপান্তরের প্রবণতাগুলি বিশ্লেষণ কর। ১০

অথবা

৬. 'রক্তকরবী' নাটকের পাঠান্তরে ইমেজের যে বিবর্তন লক্ষ করা যায় তার বিবরণ দাও। নাটকটির গড়ে ওঠায় এর ভূমিকা বুঝিয়ে লেখো। ১০

৭. রবীন্দ্রনাথে চিঠিপত্রের একটি নতুন খণ্ড সম্পাদনা করতে হলে তোমার সামগ্রিক পরিকল্পনা কেমন হবে, সে বিষয়ে বিস্তারিত জানাও। ১০

অথবা

৮. রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থগুলি সম্পাদনার সম্ভাব্য সমস্যাগুলি কী কী ও তার সমাধান বিষয়ে তোমার কী মত, তা বিস্তারিতভাবে বুঝিয়ে লেখো। ১০